গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ পরিবহণ অধিদপ্তর
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)
ঢাকা-১০০০

ফোন : ৯৫১৩৩০৫
ফ্যাক্স : ৯৫৮৭৩০১
ই.মেইল : info@dos.gov.bd
ওয়েব সাইট : www.dos.gov.bd

নং- ১৮.১৭.০০০০.০১৫.০৬.০০১.১৭-/১৪৬

তারিখ : ০৪-০১-২০১৮খ্রিঃ

## সভার কার্য বিবরণী

বিষয়ঃ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল (যাপ) সংস্থা কর্তৃক উত্থাপিত বিভিন্ন সমস্যার বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কমডোর সৈয়দ আরিফুল ইসলাম (ট্যাজ) এন ডি সি, পিএসসি, বিএন<br>মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, ঢাকা। |
| সভার স্থান | : | নৌ-পরিবহন অধিদপ্তরের সম্মেলন কক্ষ। |
| তারিখ | : | ০৭-১১-২০১৭ খ্রিঃ |
| সময় | : | ৩.০০ ঘটিকা |

সভার উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন বর্তমানে নৌ সেক্টর একটি শিল্প হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। এই শিল্পের সাথে সম্পৃক্ত নৌযান মালিক, শ্রমিক, ডকইয়ার্ড মালিক, শ্রমিক নৌ স্থপতিসহ সকল শ্রেণী পেশার মানুষের সার্বিক সহযোগীতায় এই শিল্পকে আরো গতিশীল করা যেতে পারে। এছাড়া নিরাপদ নৌ চলাচল পরিচলনার লক্ষ্যে উপযুক্ত মাস্টার ড্রাইভার ও পর্যাপ্ত জীবন রক্ষাকারী সরঞ্জামাদি নিশ্চিত করার জন্য নৌযান মালিকদের বিশেষভেবে অনুরোধ করেন। উপস্থিত নৌযান মালিক প্রতিনিধিদের পক্ষ থেকে বক্তব্য প্রদানের আহ্বান জানান।

জনাব মোঃ বদিউজ্জামান বাদল, সিনিয়র সভাপতি বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-চলাচল (যাপ) সংস্থা বলেন, ২০০৫ সালে সংশোধিত অভ্যন্তরীণ নৌ-চলাচল অধ্যাদেশ স্থগিত করে ১৯৭৬ সালে প্রণীত আইএসও পূর্ণর্বহাল করতে হবে। কারণ ২০০৫ সালে নৌযান মালিকদের পরিপন্থি অনেক আইন প্রনয়ণ করা হয়েছে। মালিক সমিতির সুপারিশ ব্যতীত নকশা অনুমোদন না দেওয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি আরো বলেন ৫০০ বিএইচপি পর্যন্ত ৩য় শ্রেণির মাস্টার ড্রাইভার, ৫০০-১০০০ বিএইচপি পর্যন্ত ২য় শ্রেণির মাস্টার/ড্রাইভার এবং ১০০০ বিএইচপি এর উর্দ্ধে ইঞ্জিন বিশিষ্ট নৌযানের জন্য ১ম শ্রেণির মাস্টার ও ড্রাইভার দ্বারা নৌযানগুলোকে চালানোর অনুমতি দেওয়ার জন্য অনুরোধ করেন।

জনাব মাহাবুব উদ্দিন আহম্মদ বীর বিক্রম, সভাপতি, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল (যাপ) বলেন, অভ্যন্তরীন নৌ চলাচল অধ্যাদেশ ১৯৭৬ এবং ২০০৫ সালের সংশোধনী অনুযায়ী নৌযানের নতুন এবং রূপান্তর নকশা অনুমোদনের বিষয়ে সুস্পস্ট উল্লেখ থাকলেও যাত্রীবাহী নৌযানের রূপান্তরিত নকশা অনুমোদন বন্ধ রাখা হয়েছে। যা কাম্য নহে। ব্যবসা টিকে থাকার লক্ষ্যে নৌযানগুলো বড় ও আধুনিকায়ন করার জন্য মডিফিকেশন প্ল্যান অনুমোদনের জন্য আহ্বান জানান।

Received 07/01/18

P.T.O

জনাব মোঃ লুৎফর রহমান রুমী কিসলু সহ-সভাপতি বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল (যাপ) বলেন, অভ্যন্তরীন নৌ চলাচল অধ্যাদেশ ১৯৭৬ এবং ২০০৫ এর ধারাতে নৌযানের রেজিস্ট্রেশনের মেয়াদ উল্লেখের বিষয়টি স্পস্ট নয়। স্পেশাল ডকিং করার পর নৌযান রেজিস্ট্রেশনের মেয়াদ পাঁচ বৎসর করে দু বার বৃদ্ধি করা যাবে। অর্থাৎ নৌযানটির রেজিস্ট্রেশনের মেয়াদ সর্বমোট ৪০ বৎসর বহাল থাকবে। ৪০ বৎসরের পর অতিরিক্ত মেয়াদ কাল বৃদ্ধি করা যাবে না, এ বিষয়ে সুস্পস্ট বলা নাই। নৌযান মালিকগন প্রতিবছর নৌযান সার্ভে করে থাকেন, নৌযানের প্লেটসহ কোন কিছু নষ্ট হলে তা পরিবর্তন করে নেওয়া হয়। যেহেতু প্লেট এঙ্গেল সহ পুরাতন ও ক্ষতিগ্রস্থ অংশ ফেলে দিয়ে নতুনভাবে লাগানো হয় বিধায় নৌযানটি নতুনের মতই থাকে। সংগত কারনে নৌযানটি সম্পূর্ণ ভেঙ্গে ফেলা না পর্যন্ত নৌযানের সার্ভে প্রদান অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।

সভার বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। অভ্যন্তরীণ নৌ চলাচল অধ্যাদেশ (আইএসও) ২০০৫ এর সংশোধনীর বিভিন্ন ধারা সংশোধনের লক্ষ্যে অভ্যন্তরীণ নৌ চলাচল আইন ২০১৭ এর খসড়া নৌ পরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত খসড়া আইনটি সংশোধনের/পুনঃ গঠনের কাজ চলমান আছে। তবে মালিক সমিতি এ বিষয়ে সুনিদিষ্ট প্রস্তাব প্রেরণ করলে সেটা নৌ পরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

২। নৌযান মালিক সমিতির সুপারিশ অনুযায়ী নৌযানের নকশা অনুমোদন দেওয়া বিধিসম্মত নয় বিধায় তা বিবেচনা করার সুযোগ নাই। অভ্যন্তরীণ নৌ চলাচল অধ্যাদেশ ১৯৭৬ এর আওতায় প্রণীত বিধি অনুযায়ী নকশা অনুমোদন প্রক্রিয়া অব্যাহত থাকবে।

৩। ছোট ছোট যাত্রীবাহী নৌযানগুলো বড় ও আধুনিকরন করার লক্ষ্যে সরকারের কাছ থেকে বিনা সুদে অর্থ ঋণ সহায়তা প্রদানের বিষয়টি নৌ পরিবহন অধিদপ্তরের এক্তিয়ার বহির্ভূত। এ বিষয়ে নৌযান মালিক সমিতি সুনির্দিষ্ট প্রস্তাব দিলে তা নৌ পরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

৪। যাত্রীবাহী জাহাজ পরিচালনার জন্য অভ্যন্তরীণ জাহাজে সর্বনিম্ন নিরাপদ নবিক সংখ্যা বিধিমালা ২০০১ অনুযায়ী নির্ধারিত গ্রেডের ও সংখ্যার মাস্টার/ড্রাইভার নিয়োগ দিতে হবে।

৫। নতুন করে Sunken Deck নৌযান নির্মানের ক্ষেত্রে বিগত ১৯ মার্চ ২০১৫ তারিখের নৌ পবিবহন মন্ত্রণালয় হতে প্রকাশিত গেজেটে উল্লেখিত শর্ত সমূহ অনুসরন করতে হবে।

৬। প্যানেল অব সুপারভাইজারদের সুপারভিশন ফি ও ডিজাইন ফার্মের নকশা প্রস্তুত করন ফি সহনীয় পর্যায়ে রাখার বিষয়ে পরবর্তীতে মালিক সমিতি, ডিজাইন ফার্মের প্রতিনিধি ও প্যানেল অব সুপারভাইজারদের সাথে প্রধান প্রকৌশলী ও জাহাজ জরীপকারকের সভাপতিত্বে একটি সভা আহ্বান করা হবে।

৭। আগামী ২০১৮ (৯) সালের জানুয়ারী মাসে অঞ্চল ভিত্তিক তৃতীয় শ্রেণির মাস্টার ও ড্রাইভারদের একটি পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীদের এম সি কিউ পদ্ধতিতে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৮। যাত্রীবাহী নৌযানের বাৎসরিক সার্ভের সময় সংশ্লিষ্ট মালিক সমিতির সদস্য ভূক্তির বিষয়টি নিশ্চিত করা হচ্ছে এবং তা অব্যাহত থাকবে।

P.T.O

৯। ক) যাত্রীর নিরাপত্তা বিবেচনায় Sunken Deck বিশিষ্ট যাত্রীবাহী নৌযানে Modification Design অনুমোদন দেওয়া হবে না।

খ) চল্লিশ বৎসর উত্তীর্ণ যাত্রীবাহী নৌযানের অনুকূলে একই নামে নতুন জাহাজ নির্মানের জন্য নকশা অনুমোদন দেওয়া হবে।

সভায় আলোচনার জন্য অন্য কোন বিষয়ের অবতারনা না হওয়ায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কমডোর সৈয়দ আরিফুল ইসলাম (ট্যাজ) এনডিসি, পিএসসি, বিএন
মহাপরিচালক

বিতরনঃ

১। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ঢাকা/নারায়ণগঞ্জ/বরিশাল/খুলনা ও চট্টগ্রাম।
২। মুখ্য পরিদর্শক, নৌ পরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। সভাপতি বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল (যাপ) সংস্থা ১৪ পুরানা পল্টন, দারুস সালাম আর্কেড (৫ম তলা), ঢাকা।

অনুলিপিঃ

১। পিএ টু মহাপরিচালক, নৌ পরিবহন অধিদপ্তর, ঢাকা।
২। পিএ টু চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নৌ পরিবহন অধিদপ্তর, ঢাকা।